

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
এশিয়া-২ শাখা
(www.erd.gov.bd)

প্রেস বিজ্ঞপ্তি

আজ ০৯ মার্চ, ২০১৬ তারিখ বাংলাদেশ সরকার এবং ভারত সরকার মনোনীত ভারতীয় এক্সিম ব্যাংকের মধ্যে ২ বিলিয়ন মাঃ ডলারের নমনীয় ঋণ সহায়তার জন্য “ডলার ক্রেডিট লাইন এগ্রিমেন্ট”-শীর্ষক ঋণচুক্তি অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকায় স্বাক্ষরিত হয়েছে। বাংলাদেশ সরকারের পক্ষে জনাব মোহাম্মদ মেজবাহউদ্দিন, সিনিয়র সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয় এবং ভারতীয় এক্সিম ব্যাংকের পক্ষে Mr. Yaduvendra Mathur, Chairman & Managing Director of Exim Bank of India উক্ত ঋণচুক্তিতে স্বাক্ষর করেন। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে ঢাকায় নিযুক্ত ভারতের মান্যবর হাই কমিশনার Mr. Harshvardhan Shringla এবং উভয় দেশের সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

দু’দেশের মধ্যে ২০১০ সালে ১ বিলিয়ন মাঃ ডলারের প্রথম “ডলার ক্রেডিট লাইন এগ্রিমেন্ট” স্বাক্ষরিত হয়। এরই ধারাবাহিকতায় দু’দেশের মধ্যে ২ বিলিয়ন মাঃ ডলারের নমনীয় ঋণ সহায়তার জন্য দ্বিতীয় “ডলার ক্রেডিট লাইন এগ্রিমেন্ট” স্বাক্ষরিত হলো। ভারতীয় নমনীয় ঋণের সুদের হার ১.০০%। এ ঋণ পরিশোধের সময়সীমা ৫ বছরের প্রেস পিরিয়ডসহ ২০ বছর।

নতুনভাবে স্বাক্ষরিত ২ বিলিয়ন মাঃ ডলারের ঋণচুক্তির আওতায় বাংলাদেশের আর্থ-সামাজিক অবকাঠামো খাতে বিশেষত: রেল যোগাযোগ, সড়ক পরিবহন, বিদ্যুৎ, শিক্ষা, স্বাস্থ্য, আইসিটি, মো-পরিবহন, অর্থনৈতিক অঞ্চল প্রভৃতি খাতে নানাবিধ উন্নয়ন প্রকল্প বাস্তবায়িত হবে। দু’দেশের সরকারের সম্মতিতে ইতোমধ্যে এ ঋণের আওতায় বাস্তবায়নের লক্ষ্যে প্রাথমিকভাবে কতিপয় প্রকল্প চিহ্নিত করা হয়েছে।

ভারত সরকার ও বাংলাদেশ সরকারের মধ্যে বিভিন্ন সেটেরে দ্বি-পাক্ষিক সম্পর্ক অত্যন্ত বন্ধুত্বপূর্ণ। ভারত সরকার কর্তৃক প্রতিশুত এ ২ বিলিয়ন মাঃ ডলার ঋণ সহায়তা বাংলাদেশের আর্থ-সামাজিক অবকাঠামো উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে যা দু’দেশের উন্নয়ন অংশীদারিত্বমূলক সম্পর্ক উত্তরোত্তর বৃদ্ধিতে সহায়ক হবে।


০৯/০৩/১৬

মোঃ রায়হান কুরিয়া
সহকারী প্রধান
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার